গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৪২৭.১৬- ১৬৯

তারিখঃ ১০ চৈত্র ১৪২৫
২৪ মার্চ ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১২৩৫৩/২০১৬ মামলার ১৯.০৭.১৭ খ্রি. তারিখের রায়ের আলোকে গৃহীত ব্যবস্থা মহামান্য হাইকোর্ট বিভাগকে অবহিতকরণ।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫২.১৬.০০১.১৭(১৮)-১০৯, তারিখ: ৩১.০১.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার ছাতিনামারী কারিগরি ও বাণিজ্যিক কলেজ এন্ড ভোকেশনাল স্কুলের জাতীয়করণের প্রজ্ঞাপন জারি করার জন্য অধ্যক্ষ কর্তৃক সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর আবেদন করা হয়।

০২। মাননীয় সংসদ সদস্য, ২৫, কুড়িগ্রাম-১ এবং মাননীয় সংসদ সদস্য, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩ এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য কর্তৃক গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার ছাতিনামারী কারিগরি ও বাণিজ্যিক কলেজ সরকারিকরণের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর ডি.ও পত্র প্রেরণ করা হয়।

০৩। পরবর্তীতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৫/০৫/২০১৪ খ্রি. তারিখের ৯৬ সংখ্যক স্মারক এবং ১৭/০৫/২০১৫ খ্রি. তারিখের ২০৪ সংখ্যক স্মারকমূলে ডি.ও পত্রটির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়। এখানে উল্লেখ্য যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রে উক্ত কলেজটি জাতীয়করণ বিষয়ে কোন সুপারিশ/নির্দেশনা ছিল না।

০৪। অত:পর মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৪/০৫/২০১৫ খ্রি. তারিখের ২০৮ সংখ্যক স্মারকমূলে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৫। উক্ত পত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১০/০৬/১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭৭.০১.০০১.১৩.১৭৪ সংখ্যক স্মারকমূলে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার ছাতিনামারী কারিগরি ও বাণিজ্যিক কলেজ এন্ড ভোকেশনাল স্কুলের জাতীয়করণের বিষয়ে সুস্পষ্ট মতামত/প্রতিবেদন দেয়ার জন্য চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ডকে পত্র দেয়া হয়।

০৬। উক্ত স্মারকমূলের পত্রটির বিষয়ে নিষ্পত্তিমূলক কোন জবাব না পাওয়ায় বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৩৫৩/২০১৬ দায়ের করা হয়। উক্ত রিট মামালার ১৯/০৭/১৭ তারিখের রায়/আদেশ নিম্নরূপ:

The inaction of the respondent No. 5, The Chairman, Bangladesh Technical Education Board, Agargaon, Dhaka, about the letter being No. 37.00.0000.077.01.001.13.174 dated 10.06.2015 issued to the respondent No.8, Deputy Secretary, Ministry of Education, Sha: 16 (Technical-2) Bangladesh Secretariat, Shahabag, Dhaka-1000 is declared to have been passed without lawful authority and is of no legal effect. The respondents are further directed to take necessary steps in implementing the order of the Honorable Prime Minister.

০৭। মহামান্য আদালতের রায়ে উক্ত প্রতিষ্ঠানটি জাতীয়করণ বিষয়ে কোন নির্দেশনা নেই। তবে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। উক্ত রিট মামলার রায়ের আলোকে বিষয়টি বিধি মোতাবেক নিষ্পত্তি করে রিট মামলার পিটিশনারকে সূত্রমূলে অবহিত করা হয়েছে (কপি সংযুক্ত)। বিষয়টি মহামান্য আদালতকে অবহিতকরণের লক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব এস.কে সফিক মাহমুদ পুস্পকে দায়িত্ব প্রদান করা হলো।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১২৩৫৩/২০১৬ মামলার ১৯.০৭.১৭ খ্রি. তারিখের রায়ের আলোকে এ বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মহামান্য হাইকোর্ট বিভাগকে অবহিত করার প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থা আগামী ৩১.০৩.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
ক. রিট পিটিশন নং-১২৩৫৩/২০১৬ এর আর্জির কপি।
খ. রিট পিটিশন নং-১২৩৫৩/২০১৬ এর রায়ের কপি- ০৫ (পাঁচ) পাতা।
গ. পিটিশনারকে অবহিতকরণ সংক্রান্ত সূত্রমূলের কপি- ০১ (এক) পাতা।
ঘ. প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৫.০৫.১৪ ও ১৭.০৫.১৫ খ্রি. তারিখের পত্র আর্জির সাথে সংযুক্ত।
ঙ. ওকালতনামা ও অথরাইজেশন লেটার- ০২ পাতা।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
*সিনিয়র সহকারী সচিব (আইন)*
ফোন- ৯৫৮৬৫৮৩

এস. কে সফিক মাহমুদ পুস্প
বিজ্ঞ কৌসুলি, চেম্বার নং-এ-৪ (৬ষ্ঠ তলা) আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স,
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ৮৯ (পুরাতন), বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপিঃ
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।